# বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল (বিআরসি)



মোহাম্মদ হারুন অর রশিদ
রেজিস্ট্রার (যুগ্মসচিব)
আই ডি নং-৭৮৫৪
বিসিএস ব্যাচ নং-১৭তম

বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশে অসংক্রামক ব্যাধি ও স্নায়ুবিকাশজনিত জটিলতার বিস্তার, সড়ক দুর্ঘটনার হার বৃদ্ধিসহ অন্যান্য নানাবিধ কারণে প্রতিদিন অসংখ্য মানুষ নানা ধরনের প্রতিবন্ধিতার শিকার হয়ে কর্মহীন হয়ে পড়ছে। আন্তর্জাতিক পরিসংখ্যান অনুযায়ী পৃথিবীর মোট জনসংখ্যার ১০ শতাংশ মানুষ কোনো না কোন ধরনের প্রতিবন্ধিতার শিকার। জাতীয় পর্যায়ে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ অনুযায়ী বাংলাদেশে এ ধরণের প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা প্রায় ৩৮.৭ লক্ষ (১২ জানুয়ারি, ২০২৬ খ্রি.পর্যন্ত)। প্রতিবন্ধী জনগোষ্ঠির জীবনমানের প্রত্যাশিত উন্নয়ন ঘটিয়ে যথাসম্ভব কর্মক্ষম জীবনে ফিরিয়ে আনার লক্ষ্যে যথোপযুক্ত রিহ্যাবিলিটেশন সেবা প্রদান জরুরি। মেডিকেল ও ডেন্টাল চিকিৎসকদের পাশাপাশি রিহ্যাবিলিটেশন পেশাজীবী যেমন: ফিজিওথেরাপিস্ট, অকুপেশনাল থেরাপিস্ট, স্পীচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপিস্ট, সাইকোলজিস্ট, নিউট্রিশনিস্ট, স্পেশাল এডুকেটর, ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কারসহ বিভিন্ন প্রকার পেশাজীবীগণ রিহ্যাবিলিটেশন সেবা প্রদান করে থাকেন। প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা মানুষের মানসম্পন্ন রিহ্যাবিলিটেশন সেবা প্রাপ্তি নিশ্চিতকল্পে দক্ষ ও যোগ্য রিহ্যাবিলিটেশন পেশাজীবী ও সেবা প্রতিষ্ঠানের কোন বিকল্প নেই। বাংলাদেশে চিকিৎসক, নার্স, ফার্মাসিস্ট ইত্যাদি পেশাজীবীদের স্বীকৃতি প্রদান ও মান নিয়ন্ত্রণের জন্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ যেমন, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি), বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল ইত্যাদি রয়েছে। তেমনিভাবে স্বাস্থ্য সেবার গুরুত্বপূর্ণ অংশ রিহ্যাবিলিটেশন পেশাজীবীদের মান নিয়ন্ত্রণ ও স্বীকৃতি প্রদানের জন্য বিআরসি গঠন করা হয়েছে।

রিহ্যাবিলিটেশন সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ ও সেবার মানোন্নয়নে সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যক্রম বা পাঠদানের স্বীকৃতি, রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান/ইউনিট অনুমোদন, রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন এবং রিহ্যাবিলিটেশন পেশাজীবীর যোগ্যতা ও সেবার মান নির্ধারণ ও নিশ্চিতকরণের উদ্দেশ্যে বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ অনুযায়ী বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল গঠন করা হয়।

গত ২৪ মার্চ ২০২৫ তারিখ ‘বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল বিধিমালা, ২০২৫’ বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়।

বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল এর দায়িত্ব হলো রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যক্রম বা পাঠদানের স্বীকৃতি, রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান/ইউনিট অনুমোদন, রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন, লাইসেন্স প্রদান এবং রিহ্যাবিলিটেশন পেশাজীবীর যোগ্যতা ও সেবার মান নির্ধারণ ও নিশ্চিত করা।

জুলাই গণ-অভ্যুথান পরবর্তী বাংলাদেশের পরিবর্তিত প্রেক্ষাপটে ৩৩ সদস্য বিশিষ্ট বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল গত ২৩ নভেম্বর ২০২৫ তারিখে পুনর্গঠন করা হয়েছে। এছাড়া, গত ০৪ জানুয়ারি ২০২৬, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল এর ০৫ সদস্য বিশিষ্ট নির্বাহী কমিটিও পুনর্গঠন করা হয়েছে।

রিহ্যাবিলিটেশন সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ ও সেবার মানোন্নয়নে সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যক্রম বা পাঠদানের স্বীকৃতি, রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান/ইউনিট অনুমোদন, রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন এবং রিহ্যাবিলিটেশন পেশাজীবীর যোগ্যতা ও সেবার মান নির্ধারণ ও নিশ্চিতকরণের মাধ্যমে সাধারণ জনগণের জন্য সঠিক রিহ্যাবিলিটেশন সেবা প্রাপ্তি সহজলভ্য ও নিশ্চিত করার লক্ষ্যে কাউন্সিলের কার্যক্রম অব্যাহত রয়েছে।